



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ প্রেস বিজ্ঞপ্তি

প্রাণীর প্রতি ভালোবাসা একজন মানুষকে সৎ মানুষ হিসেবে নিজেকে তৈরি করে - স্থপতি ইয়াফেস ওসমান বি এসসি এ এইচ (অনার্স) এর স্নাতক শিক্ষা সমাপনী উৎসব-২০১৭ অনুষ্ঠিত

॥ কৃষিবিদ দীন মোহাম্মদ দীন ॥

প্রাণীর প্রতি ভালোবাসা একজন মানুষকে সৎমানুষ হিসেবে নিজেকে তৈরি করতে সহায়তা করে। 'জ্ঞাণ বড় সম্পদ, চর্চায় বেড়ে যায়, নদীর শোভার মতো থেমে গেলে মরে যায়' কবিতার ছন্দে কথাগুলো বলেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। বৃহস্পতিবার ০৯ ফেব্রুয়ারি ২০১৭ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বি এসসি এ এইচ (অনার্স) ৪৮ তম ব্যাচের গ্র্যাজুয়েটদের স্নাতক শিক্ষা সমাপনী উৎসব অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি হিসেবে এ বক্তব্য রাখেন।



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বি এসসি এ এইচ (অনার্স) ৪৮ তম ব্যাচের গ্র্যাজুয়েটদের স্নাতক শিক্ষা সমাপনী উপলক্ষে আয়োজিত র্যালিতে নেতৃত্ব দিচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

ডীন, পশুপালন অনুযদ ও প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর, কৃষি বিশ্ববিদ্যালয়ের ড. মোঃ জসিমউদ্দিন খানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে অনুষ্ঠিত উৎসবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর মহা-পরিচালক ড. তালুকদার নুরুল্লাহর এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আলী আকবর।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর মহা-পরিচালক ড. তালুকদার নুরুল্লাহর বলেন কৃষি ক্ষেত্রে দেশে আজ বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা একটি বাড়ী-একটি খামার প্রকল্পের সঠিক বাস্তবায়নে কৃষির সাথে প্রাণিসম্পদের গুরুত্ব অপরিসীম। সরকারের

দিন বদলের সনদ বাস্তবায়নে ২০২১ সালের মধ্যে জনগণের পুষ্টি চাহিদা মেটানোসহ আত্মকর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা সম্ভব প্রাণিসম্পদের উন্নয়নের মাধ্যমে। এ জন্য সর্বদা পশুপালন গ্র্যাজুয়েটদেরও প্রস্তুত থাকতে হবে।



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বি এসসি এ এইচ (অনার্স) ৪৮ তম ব্যাচের গ্র্যাজুয়েটদের স্নাতক শিক্ষা সমাপনী অনুষ্ঠানে গ্র্যাজুয়েটদের সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আলী আকবর বলেন, আমরা এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি। দেশ আজ খাদ্য ও পুষ্টি নিরাপত্তার দিকে এগিয়ে যাচ্ছে। খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার জন্য নতুন নতুন প্রযুক্তি খামারীদের মাঝে পৌঁছে দিতে পশুপালন গ্র্যাজুয়েটদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে শুভেচ্ছাবক্তব্য রাখেন স্নাতক শিক্ষা সমাপনী উৎসব উদ্ব্যাপন কমিটি-২০১৭ এর আহ্বায়ক প্রফেসর ড. মোঃ নুরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি অনুযদীয় ছাত্র সমিতির ভিপি কৃষিবিদ ইফতেখার সুমন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন স্নাতক শিক্ষা সমাপনী উৎসব উদ্ব্যাপন কমিটি-২০১৭ এর সদস্য-সচিব ড. মোঃ মুনির হোসেন।

বিশ্ববিদ্যালয়ে প্রথম এ ধরনের অনুষ্ঠান 'স্নাতক শিক্ষা সমাপনী উৎসব' অনুষ্ঠানে ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বি এসসি এ এইচ (অনার্স) ৪৮ তম ব্যাচের গ্র্যাজুয়েটসহ শিক্ষক-শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ অংশ গ্রহণ করে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বি এসসি এ এইচ (অনার্স) ৪৮ তম ব্যাচের গ্র্যাজুয়েটদের স্নাতক শিক্ষা সমাপনী উৎসব।